

“আমিষেই শক্তি, আমিষেই মুক্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

স্মারক নং-৩৩.০১.৫৮৭৮.০০০.৯৯.০০৯.২৫-৩১২

তারিখ : ১৪.১২.২০২৫ খ্রি.

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার এর ০১টি জরাজীর্ণ ভবন (ডেসার কোয়ার্টার -০১টি) ব্যবহারের অনুপযোগী হওয়ায় ভবনটি নিলামে বিক্রয়ের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ -১ শাখার ০৭ সেপ্টেম্বর ২০২৫খ্রি: তারিখের স্মারক নং ৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৭.২২ (অংশ-১)-৪৬৬/১ মোতাবেক ভবনটি কনডেমড ঘোষণা ও প্রাক্কলিত মূল্য ৬,৬৩১/- (ছয় হাজার ছয়শত একত্রিশ) টাকা প্রশাসনিক অনুমোদন করা হয়েছে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্যে নিলাম করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী

- ১। আগামী ২৩/১২/২০২৫ খ্রি. তারিখ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় নিলাম কমিটির সমুখে নিলাম অনুষ্ঠিত হবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ডাককারীকে নিলামকৃত অবকাঠামো সরেজমিনে দেখে নিতে হবে।
- ৩। আগ্রহী প্রার্থীগণ নিলাম ডাকে অংশগ্রহণের ০২ ঘণ্টা পূর্বে ১০% জামানত হিসেবে ৬৬৩/- (ছয়শত তেষটি) টাকা (ফেরতযোগ্য) জমা প্রদান করে নাম ও ঠিকানা অন্তর্ভুক্ত করতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের সমুদয় অর্থ এবং বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ নিলাম ডাকের দিন জমা প্রদান করতে হবে।
- ৫। ডাকে অংশগ্রহণকারীগণ বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র সাথে আনতে হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির পর ১৫ দিনের মধ্যে অবকাঠামো অপসারণ না করলে নিলাম কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে।
- ৭। নিলাম ডাক গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


১৪.১২.২০২৫ খ্রি.
(ডাঃ মোঃ শাহীনুল হক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

স্মারক নং- ৩৩.০১.৫৮৭৮.০০০.৯৯.০০৯.২৫-৩১২(১০) তারিখ : ১৪.১২.২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৩। অফিসার ইনচার্জ, মৌলভীবাজার সদর মডেল থানা। প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ।
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৬। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৭। নোটিশ বোর্ড, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৮। নোটিশ বোর্ড, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ৯। নোটিশ বোর্ড, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ১০। অফিস কপি।